



# BENGALI

(বাংলা)

(203)

সময় : 3 ঘণ্টা ]

[ পূর্ণমান : 100

## নির্দেশ :

- সমস্ত প্রশ্ন বাধ্যতামূলক, প্রতিটি প্রশ্নের সঙ্গে নাশ্বার দেওয়া আছে।
- Q.no 1-20** বহুমুখি প্রশ্ন, প্রতিটি প্রশ্নের সঙ্গে 4 টি সম্ভাব্য উত্তর দেওয়া আছে, ঠিক উত্তরটি বেছে লিখতে হবে। প্রতিটি প্রশ্নের মান **1 (one)**।

- লালু গল্পে লালু ব্যবসা শুরু করেছিল : 1  
(A) চায়ের (B) কাপড়ের  
(C) বইয়ের (D) ঠিকাদারির
- মিলনের কথা প্রবন্ধ অনুযায়ী আমাদের এই অভিশপ্ত দেশের মানুষ বহুকাল ধরে কাটিয়েছে : 1  
(A) সন্ত্রাসের মধ্যে (B) দুঃস্বপ্নে  
(C) ভয়ে ভয়ে (D) মোহাচ্ছন্ন ভাবে
- পিয়ানোর গান কবিতায় 'জোৎস্নায়' : 1  
(A) উচ্ছ্বাস (B) উল্লাস  
(C) নাই বাঁধ (D) রোশনাই
- দাঁড়াও কবিতা অনুযায়ী 'তোমাকে সেই সকাল থেকে মনে পড়ছে' : 1  
(A) ছবির মতো (B) ছায়ার মতো  
(C) স্বপ্নের মতো (D) তোমার মতো
- চোড়ি মুন্ডা এবং তার তীর গল্পে চোড়ি মেলায় নাচের কাছাকাছি যাওয়া নিষেধ : 1  
(A) পুলিশের (B) জমিদারের  
(C) অ-আদিবাসী পুরুষদের (D) ডোনকার
- ভারতীয় সংস্কৃতির ধারা প্রবন্ধ অনুযায়ী ভারতে আর্ষদের আগমনের সময় অনুমান করা হয় খ্রীস্টপূর্ব : 1  
(A) সপ্তম থেকে পঞ্চম শতাব্দী (B) বিংশ থেকে পঞ্চদশ শতাব্দী  
(C) দ্বাদশ থেকে দশম শতক (D) পঞ্চম থেকে তৃতীয় শতক

7. ছাড়পত্র কবিতায় কবি পরিচয়-পত্র পড়েছেন ভূমিষ্ঠ শিশুর : 1  
 (A) অস্পষ্ট কুয়াশা ভরা চোখে (B) নিদ্রিত আঁখিপাতে  
 (C) সারা মুখে (D) সমস্ত শরীরে
8. লালু গল্পে কালীপূজোর রাত্রে মনোহর চাটুজের বাড়িতে গুরুদেব পাঠ করছিলেন : 1  
 (A) গীতা (B) কালিকাপুরাণ  
 (C) চণ্ডী (D) ভাগবত
9. ধ্বংস গল্প অনুযায়ী পিয়ের শোপঁয়ার মেয়ের নাম ছিল : 1  
 (A) ডায়না (B) লিজা  
 (C) এডিথ (D) ক্যামিল
10. 'কান্ডারী হুশিয়ার' কবিতা অনুযায়ী ক্লাইভের খঞ্জরে লাল হয়েছিল : 1  
 (A) গড়ের মাঠ (B) ভুবন ডাঙ্গার প্রান্তর  
 (C) গঙ্গার জল (D) পলাশীর প্রান্তর
11. 'কান্ডারী হুশিয়ার' কবিতায় কবি দেখতে চান কান্ডারীর : 1  
 (A) নৌ-চালন দক্ষতা (B) মাতৃমুক্তি পণ  
 (C) দৈহিক শক্তি (D) সাহস
12. 'জলসত্র' গল্প অনুযায়ী পাহাড়পুরের কাছারির হাঁদার জল : 1  
 (A) ঘোলাটে (B) গরম  
 (C) একেবারে বরফ (D) খুব নোনতা
13. 'জলসত্র' গল্প অনুযায়ী জলসত্রের একপাশে ছিল এক রাশি : 1  
 (A) কাঁচা আম (B) কচি ডাব  
 (C) তাল শাঁস (D) শাঁখ আলু
14. বঙ্গভূমির প্রতি কবিতায় বঙ্গজননীর কাছে কবি বর চেয়েছেন : 1  
 (A) রোগমুক্তির (B) অর্থলাভের  
 (C) বিদেশ ভ্রমণের (D) অমরতার
15. অবাক জলপান নাটিকায়- 'তেষ্টায় মগজের ঘিলু শুকিয়ে উঠল'-উক্তিটি করেছেন : 1  
 (A) মাধব শিরোমনি (B) মনোহর চাটুজ  
 (C) পথিক (D) বাঁকা ওয়ালা

16. বাংলার মুখ আমি দেখিয়াছি কবিতা অনুযায়ী বড় পাতটি : 1  
 (A) খালার মতন (B) ছাতার মতন  
 (C) কুলোর মতন (D) বর্শার মতন
17. জন্মভূমি আজ কবিতা অনুযায়ী মাটি তো হবেই : 1  
 (A) আগুনের মতো (B) পাথরের মতো  
 (C) ধুলোর মতো (D) কর্দমাক্ত
18. ছোঁওয়া ছুঁয়ি, মন্ত্রতন্ত্র অনুযায়ী 'এ পথ গেছে কোন্‌খানে গো কোন্‌খানে' গানটির গায়ক : 1  
 (A) দাদাঠাকুর (B) মহাপঞ্চক  
 (C) পঞ্চক (D) প্রথম শোনপাংশু
19. ওরা কাজ করে কবিতা অনুযায়ী ওরা কাজ করে শত শত সাম্রাজ্যের : 1  
 (A) প্রান্তরে প্রান্তরে (B) গ্রামে ও নগরে  
 (C) ভগ্নশেষ'পরে (D) বন্দরে বন্দরে
20. রেকর্ড গল্প অনুযায়ী পুরোনো রেকর্ডের দাম : 1  
 (A) খুবই বেশি (B) নতুন রেকর্ডের মতোই  
 (C) আশাতীত সস্তা (D) সামান্য কম
- (21 (ক)-21 (চ) প্রশ্নগুলির উত্তর 10-12 টি শব্দে দিতে হবে।)
21. (ক) লালু গল্পে লালুর মারাত্মক দোষ কী ছিল? 1  
 (খ) মাদাম কুরি প্রবন্ধ অনুযায়ী মারীর কন্যা আইরিন কোন্ আদর্শে নিজের জীবন গড়েছিলেন? 1  
 (গ) ধ্বংস গল্পে পিয়ের শোপ্যাঁ কাকে দামি মাল অমনি বিলিয়ে দিতেন? 1  
 (ঘ) কান্ডারী হুশিয়ার কবিতায় ভবিষ্যৎ কী হাঁক দিচ্ছে? 1  
 (ঙ) অবাক জলপান নাটকায় দ্বিতীয় বৃদ্ধের কাছে জল না পেয়ে পথিক কোথায় জল খোজার কথা ভেবেছে? 1  
 (চ) বাংলার মুখ আমি দেখিয়াছি কবিতা অনুযায়ী বেহুলা ইন্দ্রের সভায় কেমন করে নেচেছিল? 1
- (22 (ক)-22 (চ) প্রশ্নগুলির উত্তর অনধিক 30 টি শব্দে লিখতে হবে।)
22. (ক) ছোঁওয়া ছুঁয়ি মন্ত্রতন্ত্র নাটকায় চন্দক লুকিয়ে চলে গেছে কেন? 2  
 (খ) রেকর্ড গল্পে যে রেকর্ডখানি লেখকের দৃষ্টি আকর্ষণ করেছিল সেখানির বিশেষত্ব কী-কী? 2  
 (গ) মিলনের কথা প্রবন্ধে হিন্দু-মুসলমানের মিলন-বিক্ষেপে কে জলসিঞ্চন করেছিলেন? তার ফল কী হয়েছিল? 2  
 (ঘ) ভারতীয় সংস্কৃতির ধারা প্রবন্ধ অনুযায়ী কোনো দেশের সভ্যতার পরিচয় কীভাবে পাওয়া যায়? 2  
 (ঙ) চোড়টি মুন্ডা এবং তার তীর গল্পে পূর্তি জেলে গিয়েছিল কেন? 2  
 (চ) ওরা কাজ করে কবিতায় ভারতে ইংরেজ রাজত্বের কোন্ পরিণতির কথা কবি বলেছেন? 2

(23-ক,23-খ প্রশ্নদুটি ব্যাখ্যামূলক,40-42 টি শব্দে উত্তর দিতে হবে।)

23. (ক) রেকর্ড গল্পে পর্যটক লেখকের কেনা রেকর্ডের কী পরিচয় দিয়েছেন? 3  
(খ) শুধু ভাঙ্গা নয় কবিতায় কবি কোন্ কাজে মন দেওয়ার কথা বলেছেন? 3
24. চোড়ি মুন্ডা এবং তার তীর গল্পে তীরন্দাজি প্রতিযোগিতার যে চিত্রটি আছে তা অনধিক 100 টি শব্দে লিখুন। 8  
অথবা  
ভারতীয় সংস্কৃতির ধারা প্রবন্ধে আর্য-অধিকারের আগে ভারতের অবস্থা কেমন ছিল, তা অনধিক 100 টি শব্দে লিখুন।
25. বঙ্গভূমির প্রতি কবিতায় কবির যে মনোভাব ব্যক্ত হয়েছে, তা 100 টি শব্দের মধ্যে লিখুন। 8  
অথবা  
ছাড়পত্র কবিতার নামকরণ সার্থক হয়েছে কিনা তা অনধিক 100 টি শব্দে বিচার করুন।
26. অবাক জলপান নাটিকায় পথিক কী ভাবে একের পর এক বাঁধা অতিক্রম করে জলপান করেছেন, তার বর্ণনা দিন। 6
27. (ক) নিম্নলিখিত যে-কোনো 4 টি শব্দ কোন্ কোন্ ভাষা থেকে বাংলা শব্দভান্ডারে স্থান পেয়েছে তা লিখুন : 4  
পুঁজি, কুলি, মজুর, জমি, খবর।  
(খ) যে-কোনো 4 টির সন্ধি বিচ্ছেদ করুন : 4  
উর্ধ্বাশ্রিত,ক্রমাগত, দুস্তর, মধ্যাহ্ন,গবেষণা।  
(গ) যে-কোনো 4 টি প্রবচনের সাহায্যে বাক্য রচনা করুন : 4  
নাচতে না জানলে উঠোনের দোষ, সোনায়ে সোহাগা, আঙুল ফুলে কলা গাছ, ব্যাঙের আধুলি, যত দোষ নন্দ ঘোষ।  
(ঘ) বিপরীতার্থক শব্দ লিখুন (যে-কোনো 4 টি) : 4  
চালাকি, ছোটখাটো, সংক্ষিপ্ত, শীতল, তীক্ষ্ণ।
28. অনধিক 75 টি শব্দে ভাবসম্প্রসারণ করুন : 5  
চির সুখী জন                      ভ্রমে কি কখন  
ব্যথিত বেদন বুদ্ধিতে পারে?  
অথবা  
জীবে প্রেম করে যেই জন সেই জন সেবিছে ঈশ্বর।

29. আপনার এলাকায় আগামী 15 ই আগষ্ট বিনাব্যয়ে একটি স্বাস্থ্য পরীক্ষা-শিবির অনুষ্ঠিত হবে। শিবিরের উদ্বোধন করার জন্য জেলা স্বাস্থ্য অধিকর্তাকে অনুরোধ-পত্র লিখুন। 5

অথবা

আপনি একটি প্রাচীন ধ্বংসাবশেষ দেখে এসেছেন। তার বিবরণ দিয়ে বন্ধুকে চিঠি লিখুন।

30. যে-কোনো একটি বিষয় অবলম্বনে অনধিক 120 টি শব্দে প্রবন্ধ লিখুন : 8

(ক) জীবনে শিষ্টাচারের মূল্য :

(শিষ্টাচার কাকে বলে, মানুষের জীবনে এর গুরুত্ব, শিষ্টাচারের সুফল, -ব্যক্তির শিক্ষাদীক্ষা, রুচিরীতি ও শিষ্টাচার, পারিবারিক ঐতিহ্য, সামাজিক প্রভাব ও শিষ্টাচার।)

(খ) আপনার প্রিয় লেখক :

(কী ধরনের বই আপনি ভালোবাসেন, কোন্ লেখক সেই সব বই লেখেন, তাঁর লেখার বৈশিষ্ট্য কী-কী, সাহিত্যের ক্ষেত্রে তিনি কতখানি গুরুত্বপূর্ণ।)

(গ) গ্রামীন অর্থনীতিতে কুটির শিল্পের ভূমিকা :

(গ্রাম মূলত কৃষিনির্ভর, কৃষির পাশাপাশি গ্রামে সহজেই গার্হস্থ্য জিনিষপত্র তৈরি হতে পারে- কর্মকার, কুম্ভকার, সূত্রধর প্রভৃতি পেশায় যুক্ত মানুষ গ্রামীন অর্থনীতি চালু রাখেন।)

(ঘ) বৃক্ষ রোপন :

(নগরায়ন ও গাছকাটা, গাছ ও পরিবেশের ভারসাম্য, শিল্পায়ন-দূষণ-দূষণ হ্রাসের সহায়ক বৃক্ষ, একটি গাছ কাটলে একটি গাছ লাগানো।)

- o O o -

